আজকের কাগজ

তারিখ 04 OCT 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

24

# রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের উদাসীনতা ।। ছাত্র—ছাত্রীদের দুর্ভোগ

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের উদাসীনতার কারণে শ' শ' অভিভাবক ছাত্র সীমাহীন বেকায়দায় পড়েছে। এবারে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর পরই দেশের সনামধন্য কলেজগুলোতে একাদশ শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। বিজ্ঞপ্তি মোতাবেক যে সমস্ত সনদের প্রয়োজন তার মধ্যে নম্বরপত্র বিলিতে বিলম্ব, কোনো কোনো বিদ্যালয় ১ সপ্তাহের ব্যবধানে নম্বরপত্র পেয়েছে। অনেক ক্ষেত্রেই দেখা গেছে অভিভাবকরা বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে সরাসরি যোগাযোগ করে নম্বরপত্র তুলে নিয়ে আসছে। নম্বরপত্র তুলতে কর্তৃপক্ষের কাছে কিছু কাঠখর পোড়াতে হচ্ছে বলে অভিভাবক মহলের কাছে থেকে অভিযোগ পাওয়া গেছে। এদিকে কর্তৃপক্ষের পাঠানো নম্বরপত্রে একাধিক ভুল থাকার কারণে ছাত্রদের ভর্তি হতে সমস্যায় পড়তে হচ্ছে। অন্যদিকে ভুল সংশোধন করতে গিয়ে অর্থের অপচয় হচ্ছে। এমনি একটি নম্বরপত্রে ৪টি ভুল পাওয়া গেছে, স্কুলের নাম, পরীক্ষার্থীর নাম, ফলাফল (লেটার), পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরবিহীন। ঠাকুরগাঁ জেলায় ভুল নম্বরপত্রের অভিযোগ ৩ শতাধিক অভিভাবকের, এমনিভাবে শিক্ষাক্ষেত্রে কর্তৃপক্ষের উদাসীনতা, গাফিলতি, অসৎ উদ্দেশ্য। শিক্ষার পরিবেশকে কলুষিত করছে। ঠাকুরগাঁ থেকে আবু তোরাব মানিক।।